

নাগরিক সেবার তথ্য সারণি

সেবা প্রদানকারী অফিসের নাম : থানা

ক্রমিক নং	সেবার নাম	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা / কর্মচারী	সংক্ষেপে সেবা প্রদানের পদ্ধতি	সেবা প্রাপ্তির প্রয়োজনীয় সময় ও খরচ	সংশ্লিষ্ট আই-কানুন / বিধি-বিধান/ নীতিমালা	নির্দিষ্ট সেবা পেতে ব্যর্থ হলে পরবর্তী প্রতিকারকারী কর্মকর্তা
ক	খ	গ	ঘ	ঙ	চ	ছ
০১	সাধারণ ডায়েরি গ্রহণ	অফিসার ইন চার্জ(OC)/ ডিউটি অফিসার (DO)	সাধারণ ডায়েরি করার জন্য ওসি বরাবর আবেদন করে থানার ডিউটি অফিসারের নিকট দাখিল করতে হয়। ডিউটি অফিসার আবেদনটি সাধারণ ডায়েরি রেজিস্টারে এন্ট্রি দিয়ে আবেদনকারীকে জিডি নং প্রদান করে থাকেন। ডিউটি অফিসার আবেদনটি ওসির নিকট উপস্থাপন করেন। ওসি তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করে তদন্তের ব্যবস্থা করেন। তদন্তের রিপোর্টের প্রেক্ষিতে এখতিয়ারভুক্ত হলে ব্যবস্থা গ্রহণ করেন অন্যথায় উর্ধ্বতন কর্তৃপক্ষ/ আদালতে রেফার করেন।	১ ঘণ্টা থেকে ৭ দিন ; বিনামূল্যে	১। সি আর পি সি/১৮৯৮- ১৫৪ ,১৫৫ ধারা ২। পিআরবি/ ১৯৪৩ -৩৭৭ বিধি ৩। পুলিশ আইন /১৮৬১ -৪৪ ধারা	সাকেরল এএসপি
০২	পুলিশ ক্লিয়ারেন্স সার্টিফিকেট প্রদান	এসপি ডিএসবি / অফিসার ইন চার্জ(OC)	সোনালী ব্যাংক/ বাংলাদেশ ব্যাংকের অনুকূলে ৫০০/- টাকার ট্রেজারি চালানসহ এসপি বরাবর আবেদন দাখিল করতে হয়। দাখিলের পর সংশ্লিষ্ট ওসি / থানায় তদন্ত করার জন্য এসআই-কে নির্দেশ প্রদান করেন। রিপোর্ট প্রাপ্তির পর পুলিশ ক্লিয়ারেন্স সনদ প্রদানের উপযুক্ত হলে প্রস্তুত করা হয় অন্যথায় বাতিল করা হয়। পরবর্তীতে প্রতিস্বাক্ষরের জন্য পুলিশ সুপার নিকট প্রেরণ করা হয়। পুলিশ সুপার প্রতিস্বাক্ষর করে ওসির নিকট ওয়ানস্টপ সেন্টারে প্রেরণ করেন। থানা ওয়ানস্টপ সেন্টার থেকে পুলিশ ক্লিয়ারেন্স সনদ আবেদনকারী সংগ্রহ করেন।	৫-৭ দিন ; ৫০০ টাকা	ডিএসবি নির্দেশিকা	থানার ক্ষেত্রে সাকেরল এএসপি এস পি অফিসের ক্ষেত্রে ডিআইজি
০৩	বৈধ আগ্নেয়াস্ত্র জমা রাখা	অফিসার ইন চার্জ(OC)/ ডিউটি অফিসার (DO)	বৈধ আগ্নেয়াস্ত্রের মালিক ব্যক্তিগত ভাবে অথবা সরকারি নির্দেশে অস্ত্রটি থানাতে জমা দিতে আসলে প্রথমে একটি আবেদন করতে হয়। ডিউটি অফিসার আস্ত্রের কাগজপত্র পর্যবেক্ষণ করে বিস্তারিত তথ্যাদি রেজিস্টারে লিপিবদ্ধ করে জিডি নং দিয়ে আবেদনকারীকে একটি কপি বুঝিয়ে দেন। অতঃপর বৈধ অস্ত্রটি থানার মালখানায় নিরাপদ হেফাজতে রাখার ব্যবস্থা করেন। পরবর্তীতে নির্ধারিত সময়ে জিডির কপিটি দাখিল সাপেক্ষে আস্ত্রটি নিজের হেফাজতে নিতে পারেন।	৩০-৬০ মিনিট; বিনামূল্যে	অস্ত্র আইনের-১৮৭৮ এর ১৬ ধারা	সাকেরল এএস পি
০৪	মিছিল, সভা, সমাবেশ, মাইক ব্যবহারের অনুমতি প্রদান	এসপি ডিএসবি / অফিসার ইন চার্জ (OC)	আবেদনকারীকে মিছিল, সভা, সমাবেশ, মাইক ব্যবহার ইত্যাদির অনুমতির জন্য পুলিশ সুপার (এসপি) বরাবর আবেদন করতে হয়। পুলিশ সুপার তদন্ত করার জন্য অফিসার ইনচার্জের (ওসি) নির্দেশ দেন। ওসি তদন্ত করে এসপির নিকট প্রেরণ করেন। প্রাপ্ত তদন্ত প্রতিবেদন এবং অন্যান্য রাষ্ট্রীয়	৪-৭ দিন; বিনামূল্যে	১। সিআরপিসি / ১৮৯৮- ১২৭, ১২৮, ১২৯ ধারা ২। পুলিশ আইনের/১৮৬১ -	ডিআইজি

ক্রমিক নং	সেবার নাম	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা / কর্মচারী	সংক্ষেপে সেবা প্রদানের পদ্ধতি	সেবা প্রাপ্তির প্রয়োজনীয় সময় ও খরচ	সংশ্লিষ্ট আই-কানুন / বিধি-বিধান/ নীতিমালা	নির্দিষ্ট সেবা পেতে ব্যর্থ হলে পরবর্তী প্রতিকারকারী কর্মকর্তা
০৫	ইভ টিজিং, মোবাইল ফোনে উত্যক্তকরণ, বা হুমকি প্রদান সংক্রান্ত অভিযোগ গ্রহণ	অফিসার ইন চার্জ(OC)	গুরুত্বপূর্ণ বিষয়াদি বিবেচনা করে অনুমতি প্রদান করা হয় অথবা অনুমতি প্রদান সম্ভব নয় মর্মে জানিয়ে দেন। ইভ টিজিং, মোবাইল ফোনে উত্যক্তকরণ, বা হুমকি প্রদান ইত্যাদি ঘটনার প্রেক্ষিতে অফিসার ইন চার্জ বরাবর বিস্তারিত বর্ণনা দিয়ে আবেদন করতে হয়। ডিউটি অফিসার আবেদনের প্রেক্ষিতে সাধারণ ডায়েরি করেন এবং ওস্বির নিকট বিষয়টি উত্থাপন করেন। ওসি তাৎক্ষণিক ঘটনাস্থলে যাওয়ার জন্য অফিসারকে নির্দেশ দেন। মোবাইল ফোনে উত্যক্ত করার বিষয়টি উদঘাটনের জন্য প্রয়োজনে টেকনোলজি ব্যবহারসহ মোবাইল অপারেটরের সহায়তা গ্রহণ করা হয়। এভাবে অপরাধীদের আইনের আওতায় আনা হয়।	১ ঘণ্টা থেকে ২/৩ দিন ; বিনামূল্যে	৩০, ৩১, ৩২ ধারা ১। সিআরপিসি -১৮৯৮/১০৭ ধারা ২। দন্ড বিধি/১৮৬০ -৫০৬, ৩৮৭, ৩৮৬, ৩৮৫ ধারা ৩। পিআরবি-১৯৪৩/৩৭৭	সাকেল এএসপি
০৬	মানি এসকর্ট, পণ্য এসকর্ট প্রভৃতি ক্ষেত্রে পুলিশ নিয়োগ সংক্রান্ত	এসপি ডিএসবি / অফিসার ইন চার্জ(OC)	মানি এসকর্ট, পণ্য এসকর্ট প্রভৃতি ক্ষেত্রে পুলিশ নিয়োগের জন্য পুলিশ সুপারের নিকট আবেদন করতে হয়। পুলিশ সুপার আবেদনের বিষয়টি যাচাই-এর জন্য ওসি-কে নির্দেশ দেন। ওস্বির প্রতিবেদন/ সুপারিশের প্রেক্ষিতে এসপি এতদসংক্রান্ত অনুমতি প্রদান করে ফোর্স/পুলিশ নিয়োগ দেন অথবা আবেদন না মঞ্জুর করেন।	২-৩ দিন ; বিনামূল্যে	১। পুলিশ আইন/১৮৬১ -২৩ ধারা ১। পিআরবি/১৯৪৩ - ৩৭৭	সাকেল এ এস পি
০৭	টেন্ডার ড্রপ, পরীক্ষানুষ্ঠান প্রভৃতি ক্ষেত্রে (অতিরিক্ত) পুলিশ নিয়োগ	এসপি ডিএসবি / অফিসার ইন চার্জ (OC)	টেন্ডার ড্রপ, পরীক্ষানুষ্ঠান প্রভৃতি ক্ষেত্রে (অতিরিক্ত) পুলিশ নিয়োগের লক্ষ্যে পুলিশ সুপারের নিকট আবেদন করতে হয়। পুলিশ সুপার অফিসার ইন চার্জের মাধ্যমে তথ্য সংগ্রহ করে অথবা যাচাই করে প্রয়োজনীয় পুলিশ ফোর্স নিয়োগের ব্যবস্থা গ্রহণ করেন।	২-৩ দিন; বিনামূল্যে	১। পুলিশ আইন/১৯৬১- ৩১ ধারা	সাকেল এএসপি /ডিআইজি
০৮	হারানো মোবাইল ফোন, কম্পিউটার, মটর সাইকেল প্রভৃতি উদ্ধার সংক্রান্ত	অফিসার ইন চার্জ(OC)/ ডিউটি অফিসার (DO)	মোবাইল ফোন, কম্পিউটার, মটর সাইকেল প্রভৃতি হারানো গেলে ওসি বরাবর লিখিত আবেদন করতে হয়। আবেদন প্রাপ্তির পর ডিউটি অফিসার জিডি হিসেবে এন্ট্রি দিয়ে আবেদনকারীকে জিডি নং দেন এবং আবেদনটি ওসির নিকট উপস্থাপন করেন। ওসি তাৎক্ষণিক কর্মকর্তা নিয়োগ করে তদন্ত/ মালামাল উদ্ধারের ব্যবস্থা করেন। মালামাল উদ্ধার হলে যথাযথ প্রক্রিয়ায় প্রকৃত প্রাপকের নিকট হস্তান্তর করা হয়।	২-৭ দিন ; বিনামূল্যে	পিআরবি/১৯৪৩- ৩৭৭ বিধি	সাকেল এ এস পি